**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 06-04-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্যে প্রথম পর্যায়ের ভোটে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন নিয়ে বিশেষ সাধারণ ও পুলিশ পর্যবেক্ষক আজ বৈঠকে বসতে চলেছেন।

২/ ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই রাজ্যে প্রচার ক্রমশঃ জোরদার হচ্ছে।

৩/ বিজেপি, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ এনেছে।

# অন্যদিকে মুখ্যমন্ত্রী সম্পর্কে বিতর্কিত মন্তব্যের জন্য বারাসাতের বিজেপি প্রার্থীর বিরুদ্ধে থানায় FIR ।

৪/ রাজ্যপাল বিশ্ববিদ্যালয় চত্বরকে রাজনৈতিক ও ভোট প্রচারের উদ্দ্যেশে ব্যবহার নিয়ে বিচারবিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন।

৫/ রাজ্যের বিভিন্ন জেলায় আজ'ও তাপপ্রবাহের সতর্কতা।

৬/ ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়েন্ট, পাঞ্জাব এফ সি'র মুখোমুখি হবে।

*****************************************************************

রাজ্যে প্রথম  পর্যায়ের ভোটে কেন্দ্রীয়  নিরাপত্তা বাহিনী মোতায়েন নিয়ে আজ এক বৈঠক বসতে চলেছে।

রাজ্যের জন্যে নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিন্‌হা এবং পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মার উপস্থিতিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব, রাজ্য পুলিশের নোডাল অফিসার- ADG আনন্দ কুমার  এবং  CRPF-এর আইজি ও কেন্দ্রীয় বাহিনীর এরাজ্যের কোঅর্ডিনেটর B K শর্মাকে নিয়ে বেলা বারোটায় কলকাতায় BSF-এর গেস্ট হাউসে ঐ বৈঠক হওয়ার কথা।

গত পঞ্চায়েত ভোটে কোথায় কোথায় অশান্তির ঘটনা ঘটেছিল, তার বিস্তারিত রিপোর্ট তাঁরা পর্যালোচনা করবেন। এজন্য মুখ্য নির্বাচনী আধিকারিক সব জেলাশাসককে রিপোর্ট পাঠাবার নির্দেশ দিয়েছেন। গোলযোগপ্রবণ বুথগুলি নিয়ে বৈঠকে আলোচনা হবে বলে সূত্রের খবর।

**********************

রাজ্যে দ্বিতীয় দফার ভোটের জন্যে জমা পড়া মনোনয়ন পত্রগুলি গতকাল খতিয়ে দেখা হয়। এই দফায় রায়গঞ্জে- ২১, বালুরঘাটে- ৭ ও দার্জিলিং আসনে- ১৫ জন প্রার্থী পদ দাখিল করেন।  নাম প্রত্যাহারের শেষ দিন ৮ ই এপ্রিল।

এই তিন জেলায় ভোট নেওয়া হবে ২৬ শে এপ্রিল।

**********************

রাজ্যে প্রথম ও দ্বিতীয় দফা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গেই প্রচার ক্রমশঃ জোরদার হয়ে উঠছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বালুরঘাট ও রায়গঞ্জে দু'টি জনসভা করবেন। বালুরঘাটের তপনে দলীয় প্রার্থী বিপ্লব মিত্র এবং রায়গঞ্জের হেমতাবাদে কৃষ্ণ কল্যাণীর সমর্থনে ওই জনসভাকে কেন্দ্র করে নিরাপত্তা জোরদার করা হয়েছে।  মুখ্যমন্ত্রী গতসন্ধ্যায় জলপাইগুড়ি থেকে হেলিকপ্টারে রায়গঞ্জ পৌঁছে ওই আসনে প্রার্থী কৃষ্ণ কল্যাণীকে সঙ্গে নিয়ে এক পদযাত্রা'ও করেন। তার আগে জলপাইগুড়ি  ও কোচবিহারের তুফানগঞ্জে দু'টি জনসভা করেন তিনি।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল নদীয়ার চাপড়ায় কৃষ্ণনগরের বিজেপি প্রার্থী অমৃতা রায়ের সমর্থনে বিজয় সংকল্প সভা ও দলীয় মিছিলে যোগ দেন।

প্রবীন বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল দার্জিলিং ও জলপাইগুড়ি কেন্দ্রের দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে আসবেন বলে জানা গেছে।

**********************

বিজেপি, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা এক চিঠিতে জানিয়েছেন, গতকাল জলপাইগুড়িতে মুখ্যমন্ত্রীর জনসভায় স্কুলের শিশু ও সংখ্যালঘুদের রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা হয়েছে, যার ফলে নির্বাচনী বিধি ভঙ্গ হয়েছে। অবিলম্বে এবিষয়ে মুখ্যমন্ত্রী এবং তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য শ্রী বাজোরিয়া মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে আবেদন জানিয়েছেন। চিঠির সঙ্গে তিনি এই ঘটনার ভিডিও ফুটেজও নির্বাচনী আধিকারিকের কাছে পাঠিয়েছেন।

একইসঙ্গে হুগলীর বিদায়ী সাংসদ লকেট চট্টোপাধ্যায় সম্পর্কে চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদারের মন্তব্য নিয়েও বিজেপি কমিশনে অভিযোগ দায়ের করেছে।

এদিকে বারাসতের কাজীপাড়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পর্কে বিতর্কিত মন্তব্য করার জন্য বারাসাতের বিজেপি প্রার্থী স্বপন মজুমদারের বিরুদ্ধে বারাসাত থানায় FIR দায়ের করা হয়েছে। বারাসতের বাসিন্দা শঙ্খশুভ্র সরকারের অভিযোগের প্রেক্ষিতেই এই FIR ।

উল্লেখ্য গত মঙ্গলবার কাজীপাড়ায় এক সভায় স্বপন মজুমদার, মুখ্যমন্ত্রী সম্পর্কে বিতর্কিত মন্তব্য করেন বলে অভিযোগ।

**********************

বিজেপি প্রার্থী সুভাষ সরকার, তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে বাঁকুড়া লোকসভা আসনের রঘুনাথপুর বিধানসভা এলাকায় নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগ এনেছেন। রঘুনাথপুর শহরে গতকাল তৃণমূলের একটি দলীয় কার্যালয় থেকে রঘুনাথপুর মহকুমার বিভিন্ন ব্লকে দুঃস্থ সংখ্যালঘু মানুষদের তৃণমূলের তরফে ইফতার সামগ্রী ও ঈদের উপহার দেওয়ার জন্য প্যাকেট করা হয়েছে বলে তিনি দাবী করেন। এই উপহার বিতরণ করা পুরোপুরি নির্বাচন বিধিভঙ্গের সামিল বলেও সুভাষবাবুর অভিযোগ। ভোটের জন্য প্রলোভন দেওয়া হচ্ছে বলেও দাবী করেন তিনি। এ প্রসঙ্গে পুরুলিয়া জেলা তৃণমূলের সভাপতি সৌমেন

বেলথরিয়া বলেন, প্রতি বছরই সংখ্যালঘুদের দলের তরফ থেকে উপহার দেওয়া হয়। এটা নতুন কিছু নয়। এখানে প্রলোভন দেওয়ার কোন প্রশ্ন নেই।

**********************

যাদবপুর কেন্দ্রের বামফ্রন্ট প্রার্থী সৃজন ভট্টাচার্যের দেওয়াল লিখনে রাতের অন্ধকারে কালি লাগিয়ে দেওয়া এবং দেওয়াল লিখন মুছে নিজেদের প্রার্থীর হয়ে প্রচার চালানোর অভিযোগ উঠছে শাসকদলের বিরুদ্ধে।

রাজপুর সোনারপুর পুরসভার ২১ নম্বর ওয়ার্ডের বিভিন্ন জায়গায় তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে এইভাবে জোর করে দেওয়াল দখল করেছে বলে সিপিএমের অভিযোগ। তাদের দাবী, দীর্ঘদিন ধরেই ওই দেওয়ালগুলিতে তারা প্রচার চালাতেন। কিন্তু হঠাৎ করে রাতের অন্ধকারে সব লেখা মুছে ফেলা ও কালি লাগিয়ে দেওয়া হয়। সৃজন ভট্টাচার্য বলেছেন, ভয় পেয়েই শাসক দল এধরণের কাজ করছে।

এদিকে তৃণমূল কংগ্রেস এই অভিযোগ অস্বীকার করেছে। ২১ নম্বর ওয়ার্ডের পৌর পিতা মিলন সরকার বলেছেন, বামফ্রন্টের দেওয়ার লিখনের মত কোনো কর্মী নেই। তারা তৃণমূলের বিরুদ্ধে মিথ্যে অভিযোগ আনছে।

**********************

লোকসভা নির্বাচনের প্রাক্কালে উত্তর দিনাজপুরের গোয়ালপোখর থানার মজলিশপুর এলাকায় SST-র নাকা চেকিং চলাকালীন গতকাল, একটি ছোট গাড়ি থেকে ২৩ লক্ষ টাকা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়।

পুলিশ সূত্রে জানা গেছে, ডালখোলার একটি ট্রাক্টরের শোরুমের কর্মী গোয়ালপোখর সহ বেশ কয়েকটি এলাকা থেকে টাকা সংগ্রহ করে ডালখোলার উদ্দেশ্যে যাচ্ছিল। সেই সময় মজলিশপুর এলাকায়, SST, গাড়িটিতে তল্লাশি চালালে একটি ব্যাগ থেকে ২৩ লক্ষ টাকা উদ্ধার হয়।

খবর পেয়ে ঘটনাস্থলে যান গোয়ালপোখর থানার আইসি এন্ টি ভুটিয়া এবং ব্লক প্রশাসনের আধিকারিকরা। টাকা আদায়ের সঠিক নথিপত্র না দেখাতে পারায় তা' বাজেয়াপ্ত করে, রায়গঞ্জে আয়কর দপ্তরের হাতে তুলে দেওয়া হয়।

**********************

রাজ্য-রাজ্যপাল সংঘাতের আবহেই সিভি আনন্দ বোস, বিশ্ববিদ্যালয় চত্বরকে রাজনৈতিক ও ভোট প্রচারের উদ্দ্যেশ্যে ব্যবহার নিয়ে বিচারবিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন।

রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে বিশ্ববিদ্যালয়গুলির আচার্য হিসাবেই রাজ্যপালের এই নির্দেশ । এ জন্যে সুপ্রিম কোর্ট বা হাইকোর্টের কোনো অবসরপ্রাপ্ত বিচারপতিকে নিয়ে এক সদস্যের বিচারবিভাগীয় কমিশন গঠন করা হবে। ঐ কমিশন শিক্ষাঙ্গনকে রাজনৈতিক উদ্দ্যেশ্যে ব্যবহারের অভিযোগের পাশাপাশি বিশ্ববিদ্যালয়গুলিতে সাম্প্রতিক হিংসার ঘটনা ও দুর্নীতির অভিযোগেরও তদন্ত করবে। এদিকে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু বলেছেন, রাজ্যপাল নিযুক্ত তত্ত্বাবধায়ক উপাচার্যরাই বিশ্ব বিদ্যালয়ে গন্ডোগোল পাকাচ্ছেন। বিশ্ব বিদ্যালয়গুলিতে এধরণের অচলাবস্থা চলতে থাকলে, ওইসব উপাচার্যের বিরুদ্ধেই বিচার বিভাগীয় তদন্ত করা দরকার। একইসঙ্গে তাঁর কোনো মন্তব্যের জন্য রাজ্যপালের খারাপ লেগে থাকলে সেজন্যও দুঃখ প্রকাশ করেন ব্রাত্য।

( বাইট- ব্রাত্য অন গভ।)

প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর চৌধুরী অবশ্য বলেছেন, রাজ্যপাল নিজের এক্তিয়ারের বাইরে গিয়ে কথা বলছেন। মুর্শিদাবাদে গতকাল রাজ্য-রাজ্যপাল সংঘাত প্রসঙ্গে তিনি বলেন-

(বাইট- অধীর অন গভ)

অন্যদিকে CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেছেন, গণতন্ত্রে রাজ্যপাল কিছু ঠিক করেন না, করেন মানুষ। রাজ্যপাল একদিকে শিক্ষা মন্ত্রীর অপসারণ চাইছেন, অন্যদিকে তাঁকে যে সরকার নিয়োগ করেছে সেই সরকারকে এই নির্বাচনে মানুষ অপসারণ করবে বলেও সেলিম দাবী করেন। তৃণমূল কংগ্রেস ও বিজেপি একই সুতোয় বাঁধা বলে তিনি মন্তব্য করেছেন।

(বাইট- সেলিম অন গভ)

***********************

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে অন্তর্বর্তী উপাচার্য রজত কিশোর দে-কে রাজ্যপাল দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়ার পর তাঁর চেম্বার সিল করে দেওয়ার জন্য রাজভবন নির্দেশ দিয়েছে। বিশ্ব বিদ্যালয়ের রেজিস্ট্রার বিশ্বজিত দাসকে এই মর্মে রাজভবনের তরফে গতকাল এক

চিঠি পাঠানো হয়। রেজিস্ট্রার অবশ্য বলেছেন,  রাজ্য সরকার ও শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা বলেই পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

উল্লেখ্য, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে তৃণমূলপন্থী অধ্যাপক সংগঠন-ওয়েবকুপার রাজ্য সম্মেলনে অভিষেক বন্দ্যোপাধ্যায় ও ব্রাত্য বসুর ছবির কাট আউট নিয়ে বিতর্ক শুরু হয়। আদর্শ আচরণ বিধি চালু থাকার সময় কীভাবে বিশ্ববিদ্যালয় চত্বরে এই ধরনের সম্মেলন সম্ভব, সেই প্রশ্ন তুলে জেলা বিজেপি ও কংগ্রেস নেতৃত্ব নির্বাচন কমিশনে অভিযোগ দায়ের করে। তারপর সম্মেলনের দু'দিনের মাথায় অন্তর্বর্তী উপাচার্য রজতকিশোর দে-কে রাজ্যপাল তাঁর পদ থেকে সরিয়ে দেন। রাজ্য সরকার অবশ্য তাঁকেই কাজ চালিয়ে যেতে বলে।

এদিকে, রাজ্য-রাজ্যপাল সংঘাতের আবহেই তৃণমূলের অধ্যাপক, কর্মচারী ও ছাত্র সংগঠনের বাধায় বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এক্সিকিউটিভ কাউন্সিলের বৈঠক ভেস্তে গেল। প্রায় পাঁচ মাস পরে গতকালই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এগজিকিউটিভ কাউন্সিল বা ইসি বৈঠক হওয়ার কথা ছিল।

**********************

আন্দোলনরত চাকরিপ্রার্থীদের সঙ্গে পুলিশের ধ্বস্তাধ্বস্তিতে গতকাল মধ্য কলকাতার ধর্মতলা চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। নির্বাচনের আগে দ্রুত নিয়োগ সহ বিভিন্ন দাবিতে তাদের সাতটি সংগঠন যৌথভাবে কলেজ স্কোয়ার থেকে মিছিল করে ধর্মতলা শহীদ মিনারের উদ্দেশ্যে যাত্রা শুরু করে। মিছিল ডোরিনা ক্রসিং এ পৌঁছনোর পরে সেখানে রাস্তা আটকে বিক্ষোভ দেখালে পুলিশ তাদের বাঁধা দেয়। বকেয়া মহার্ঘভাতার দাবিতে আন্দোলনরত সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন সংগ্রামী যৌথ মঞ্চও তাদের সঙ্গে অংশ নেয়। এইসময় পুলিশ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ সহ আন্দোলনরত চাকরি প্রার্থীদের গ্রেফতার করে লালবাজারে নিয়ে যায়।

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চ, মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি চাকরী প্রার্থীদের এই আন্দোলনকে কেন্দ্র করে আজকের ঘটনার তীব্র নিন্দা করেছে।

**********************

তীব্র অস্বস্তিকর গরমে রাজ্যের মানুষ নাজেহাল। শুষ্ক পশ্চিমী বাতাস বইতে থাকায় দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ'ও তাপপ্রবাহ এবং আর্দ্র অস্বস্তিকর গরমের পূর্বাভাস

দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান ও বীরভূমের কয়েকটি জায়গায় তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে আর্দ্র অস্বস্তিকর আবহাওয়া থাকবে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ ডিগ্রী বেশী। গতকাল সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের তুলনায় যা ২ ডিগ্রি ওপরে- ৩৬ দশমিক সাত ডিগ্রি সেলসিয়াস।

**********************

উত্তর ২৪ পরগণার গাইঘাটার ঠাকুরনগরে আজ মধু কৃষ্ণা ত্রয়োদশীতে মতুয়া মহামেলা শুরু হছে। চলবে ১২ই এপ্রিল পর্যন্ত। মতুয়া ধর্মগুরু হরিচাঁদ ও গুরুচাঁদ ঠাকুরের আদর্শে প্রতি বছর চৈত্র মাসে এই মেলার আয়োজন করা হয়। মেলায় যোগ দিতে ইতিমধ্যেই লক্ষ লক্ষ ভক্ত সমাগম হয়েছে।

আজ আছে বারুনী স্নান'ও।

**********************

ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফ সি-র বিরূদ্ধে খেলবে। দিল্লির জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মোহনবাগান ১৯ ম্যাচে ৩৯ পয়েন্ট নিয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে আছে।

দশম স্থানে থাকা পাঞ্জাব এফ সি ২০ ম্যাচে পয়েন্ট- ২১ ।

গুয়াহাটিতে অন্যম্যাচে সান্ধ্য সাড়ে সাতটায় নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি, কেরালা ব্লাস্টার্সের মোকাবিলা করবে।

*****************************************************************